

নতুন সামগ্রী বাজারে আনছে বাজাজ

নিজস্ব প্রতিনিধি : কলকাতা, ৫ই নভেম্বর- বাজাজ ইলেকট্রিক্যালস লিমিটেডের কলকাতা শাখা সম্প্রতি ১২৩.৯১কোটি টাকা লেনদেনের লক্ষ্যমাত্রা স্পর্শ করেছে, যা গতবারের তুলনায় ২২শতাংশ বেশি। এছাড়াও কিছুদিন আগে সংস্থার এই শাখা বাজারে এনেছে নতুন কিছু সামগ্রী যার মধ্যে আছে ইন্ডাকশন কুকার, ওয়াটার পিউরিফায়ার, প্রেসার কুকার, বিভিন্ন রকমের মিক্সার ও ইঞ্জি। এছাড়াও রয়েছে এল ই ডি টর্চ, এল ই ডি লস্টনসহ একগুচ্ছ জিনিস। চলতি আর্থিক বছরেই উৎকর্ষ মিক্সার, নতুন ধরনের ইঞ্জি, সিলিং ফ্যান বাজারে আনার কথাও ঘোষণা করেছে সংস্থাটি। সংস্থার পক্ষ থেকে শনিবার কলকাতায় এই তথ্য জানিয়েছেন সংস্থার চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর শেখর বাজাজ ও এক্সিকিউটিভ ডিরেক্টর অনন্ত বাজাজ।

তারা বলেছেন, চলতি আর্থিক বছরে সংস্থার লেনদেনের পরিমাণ ৮৫০ কোটি টাকা। নতুন বাণিজ্যিক প্রকল্পগুলির মধ্যে আছে বিমানবন্দর, বন্দর, রেল ইয়ার্ড, স্টেডিয়াম, মার্কেট কমপ্লেক্স, তাপবিদ্যুৎ কেন্দ্র, রাস্তা ও স্টেডিয়ামসহ বিভিন্ন জায়গায় বৈদ্যুতিকীকরণের কাজ। বাজাজ সংস্থার সঙ্গে ভারতে যৌথ বাণিজ্য করছে মরফি রিচার্ডস। সংস্থার কর্মকর্তাদের দাবি বিদেশী সংস্থা হলেও বিপণনের পরের প্রযুক্তিগত সাহায্যের ক্ষেত্রে এরা দেশের একনম্বর স্থানে আছে।